গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১২৫৩ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইন ফরম পুরনের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা

(সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট-এ শিক্ষার্থী ভর্তির জন্য প্রযোজ্য)

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৯.০০.০০০০.১৪০.৩২.০২০.২৪.৭৬১ তারিখ ১০/১১/২০২৫ খ্রি.

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে দেশি শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ভর্তিচ্ছুক প্রার্থীদের অনলাইনে (**http://dgme.teletalk.com.bd**) আবেদন আহবান করা হচ্ছে:

০১. প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. (ক) ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে ২০২৪ সাল অথবা ২০২৫ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২০২২ সালের পূর্বে এসএসসি/ 'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(খ) প্রার্থীকে এসএসসি /'ও' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়ন থাকতে হবে।

০৩. এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি /'এ' লেভেল/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.৫০ পয়েন্ট হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৪.০০ পয়েন্ট এর কম থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৪. পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষা দুটিতে মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৫. সকলের জন্যে এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫০ পয়েন্ট না থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৬. দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় ১০০ টি প্রশ্নের (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) প্রতিটি ০১ (এক) নম্বর করে মোট ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন যথাক্রমে, জীববিজ্ঞান-৩০, রসায়ন-২৫, পদার্থবিজ্ঞান-১৫, ইংরেজি-১৫ এবং সাধারণ জ্ঞান, প্রবণতা ও মানবিক গুণাবলী মূল্যায়ন-১৫। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তণ করা হবে। পরীক্ষার সময়কাল ১ (এক) ঘণ্টা ১৫ (পনের) মিনিট এবং পাশ নম্বর ৪০। জাতীয় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন শিক্ষার্থী দেশে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির জন্য বিবেচিত হবেন না।

০৭. এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ (একশত) নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ণ করা হবে:

(ক) এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুন=৪০ নম্বর (সর্বোচ্চ)

(খ) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুন= ৬০ নম্বর (সর্বোচ্চ)

০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/'ও' লেভেল/সমমান এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষার জিপিএ ভিত্তিক প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধাক্রম প্রণয়ন করা হবে।

০৯. পূর্ববর্তী বছরের (২০২৪ সালে) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ০৩ (তিন) নম্বর এবং পূর্ববর্তী বছরের (২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

১০. ভর্তির ফরম পুরনে যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। MBBS ও BDS ভর্তির জন্য অনলাইন ফরম পূরণের নিয়মাবলি, ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট www.mefwd.gov.bd, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে।

১১. ভর্তি পরীক্ষা কার্যক্রম:

| | |
|---|---|
| • অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ১১/১১/২০২৫ খ্রি. মঙ্গলবার সকাল ১০.০০ টা |
| • অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ২১/১১/২০২৫ খ্রি. শুক্রবার রাত ১১.৫৯ মিনিট |
| • অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ২২/১১/২০২৫ খ্রি. শনিবার রাত ১১.৫৯ মিনিট |
| • প্রবেশ পত্র ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করার তারিখ | : ০৭/১২/২০২৫ খ্রি. রবিবার হতে ০৯/১২/২০২৫ খি. মঙ্গলবার পর্যন্ত |
| • সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র প্রধান কর্তৃক হাজিরা সিট ডাউনলোড করার তারিখ | : ০৯/১২/২০২৫ খ্রি. মঙ্গলবার থেকে ১০/১২/২০২৫ খ্রি. বুধবার পর্যন্ত |
| • ভর্তি পরীক্ষার তারিখ | : ১২/১২/২০২৫ খ্রি. শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১১.১৫ মিনিট |

১২. বাংলাদেশি নাগরিক যারা 'ও' লেভেল/সমমান এবং 'এ' লেভেল/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের মার্কশীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ পূর্বক ID নম্বর নিতে হবে। উক্ত সার্টিফিকেট সংগ্রহ করার সময় 'ও' লেভেল/সমমান এবং 'এ' লেভেল/সমমান পরীক্ষার মূল সনদ, নম্বরপত্র এবং সনদপত্রসমূহের প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত কপি সাথে আনতে হবে। আবেদনপত্র জমা প্রদানের স্থান স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার কক্ষ নং ২০৪ (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলা, মহাখালী, ঢাকা)। নম্বর সমতাকরনের জন্য আবেদন ও আনুসঙ্গিক কাগজপত্র জমা প্রদানের শেষ তারিখ: ১৮/১১/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত। বাংলাদেশের কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নকারী বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীগণ কোনোভাবেই বিদেশী শিক্ষার্থী হিসাবে ভর্তির জন্য বিবেচিত হবেন না। তবে, যাদের দ্বৈত নাগরিকত্ব রয়েছে তারা বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করে জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৩. <u>সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সের মোট আসন সংখ্যার বিবরণ:</u>
এমবিবিএস কোর্সে দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজসমূহের মোট আসন সংখ্যা ৫১০০টি। বিডিএস কোর্সে ঢাকা ডেন্টাল কলেজসহ অন্যান্য ০৮টি সরকারি মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে মোট আসন সংখ্যা ৫৪৫ টি। কলেজ ভিত্তিক এমবিবিএস ও কলেজ/ইউনিট ভিত্তিক বিডিএস কোর্সের মোট আসন সংখ্যার বিবরণ যথাক্রমে সারণী-১.১ ও সারণী-১.২ এ বর্ণিত আছে।

<u>সরকারি মেডিকেল কলেজসমূহের নাম ও কলেজ ভিত্তিক আসন সংখ্যা (সারণি-১.১):</u>

| SL No | College Code | College Name | Year of Estd. | No. of Seats |
|---|---|---|---|---|
| 1. | 11 | Dhaka Medical College, Dhaka | 1946 | 225 |
| 2. | 12 | Chattogram Medical College, Chattogram. | 1957 | 225 |
| 3. | 13 | Rajshahi Medical College, Rajshahi | 1958 | 225 |
| 4. | 14 | Mymensingh Medical College, Mymensingh | 1962 | 225 |
| 5. | 15 | Sylhet M.A.G. Osmani Medical College, Sylhet | 1962 | 225 |
| 6. | 16 | Sher-E-Bangla Medical College, Barishal | 1968 | 225 |
| 7. | 17 | Rangpur Medical College, Rangpur | 1970 | 225 |
| 8. | 18 | Sir Salimullah Medical College, Dhaka | 1973 | 225 |
| 9. | 19 | Cumilla Medical College, Cumilla | 1992 | 200 |
| 10. | 20 | Dinajpur Medical College, Dinajpur | 1992 | 200 |
| 11. | 21 | Faridpur Medical College, Faridpur. | 1992 | 200 |
| 12. | 22 | Khulna Medical College, Khulna | 1992 | 200 |
| 13. | 23 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura | 1992 | 200 |
| 14. | 24 | Shaheed Suhrawardy Medical College, Dhaka | 2005 | 225 |
| 15. | 25 | Cox's Bazar Medical College, Cox's Bazar | 2008 | 100 |
| 16. | 26 | Noakhali Medical College, Noakhali. | 2008 | 100 |
| 17. | 27 | Pabna Medical College, Pabna | 2008 | 100 |
| 18. | 28 | Jashore Medical College, Jashore. | 2010 | 100 |
| 19. | 29 | Gopalganj Medical College, Gopalganj | 2011 | 125 |
| 20. | 30 | Kushtia Medical College, Kushtia | 2011 | 100 |
| 21. | 31 | Sathkhira Medical College, Sathkhira | 2011 | 100 |
| 22. | 32 | Shaheed Syed Nazrul Islam Medical College, Kishoreganj | 2011 | 100 |
| 23. | 33 | Shaheed Taj Uddin Ahmad Medical College, Gazipur | 2013 | 125 |
| 24. | 34 | Jamalpur Medical College, Jamalpur | 2014 | 100 |
| 25. | 35 | Manikganj Medical College, Manikganj | 2014 | 125 |
| 26. | 36 | Patuakhali Medical College, Patuakhali | 2014 | 100 |
| 27. | 37 | Rangamati Medical College, Rangamati | 2014 | 75 |
| 28. | 38 | Shaheed M Monsur Ali Medical College, Sirajganj | 2014 | 100 |
| 29. | 39 | Tangail Medical College, Tangail | 2014 | 125 |
| 30. | 40 | Mugda Medical College, Dhaka | 2015 | 100 |
| 31. | 41 | Hobibanj Medical College, Hobiganj | 2017 | 50 |
| 32. | 42 | Chandpur Medical College, Chandpur | 2018 | 50 |
| 33. | 43 | Magura Medical College, Magura | 2018 | 50 |
| 34. | 44 | Naogaon Medical College, Naogaon | 2018 | 50 |
| 35. | 45 | Netrokona Medical College, Netrokona | 2018 | 50 |
| 36. | 46 | Nilphamari Medical College, Nilphamari | 2018 | 75 |
| 37. | 47 | Sunamganj Medical College, Sunamganj. | 2020 | 75 |
| | Total Seats in MBBS Course in Government Medical Colleges | | | 5100 |

সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের নাম ও কলেজ ভিত্তিক আসন সংখ্যা (সারণি-১.২)

| SL No | College Code | College Name | Year of Estd. | No. of Seats |
|---|---|---|---|---|
| 1. | 71 | Dhaka Dental College, Dhaka. | 1960 | 110 |
| 2. | 72 | Rajshahi Medical College Dental Unit, Rajshahi. | 1989 | 59 |
| 3. | 73 | Chattogram Medical College Dental Unit, Chattogram | 1990 | 60 |
| 4. | 74 | M.A.G. Osmani Medical College Dental Unit, Sylhet | 2012 | 52 |
| 5. | 75 | Mymensingh Medical College Dental Unit, Mymensingh | 2012 | 52 |
| 6. | 76 | Rangpur Medical College Dental Unit, Rangpur | 2012 | 52 |
| 7. | 77 | Shaheed Suhrawardy Medical College Dental Unit, Dhaka. | 2012 | 56 |
| 8. | 78 | Sher-E-Bangla Medical College Dental Unit, Barishal | 2012 | 52 |
| 9. | 79 | Sir Salimullah Medical College Dental Unit, Dhaka. | 2012 | 52 |
| | Total Seats in BDS Course in Dhaka Dental College and Medical College Dental Units | | | 545 |

১৪. সংরক্ষিত আসন: পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য মোট আসনের শতকরা ০১ (এক) ভাগ সংরক্ষিত থাকবে। রাঙ্গামাটি মেডিকেল কলেজে শতকরা ২৫ (পচিঁশ) ভাগ আসন এই সংখ্যার অন্তর্ভুক্ত। রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীগণ এবং পার্বত্য জেলা ০৩ (তিন) টি ব্যতীত অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীগণ এমবিবিএস কোর্সের সংরক্ষিত আসনের জন্য এবং সকল জেলার উপজাতীয় প্রার্থীগণ বিডিএস কোর্সের সংরক্ষিত আসনের জন্য বিবেচিত হবেন। উল্লিখিত আসনসমূহে আবেদনকারী প্রার্থীদের সংশ্লিষ্ট উপজাতীয়/পার্বত্য জেলার অ-উপজাতীয় সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সনদ নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে; স্মারক নম্বর/সনদের নম্বর ও তারিখ ছাড়া বর্ণিত কোটায় অনলাইনে এন্ট্রি হবে না। কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তির সুযোগ বাতিল হয়ে যাবে। উপজাতীয় কোটাসমূহের কোড ২নং সারণিতে দেয়া আছে।

১৫. অনলাইন আবেদন পূরণের নিয়মাবলি:

১৫.১ অনলাইনে আবেদনপত্র দাখিল করার পূর্বে নির্দেশাবলি ভালোভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুয়ায়ী সতর্কতার সাথে পুরণ করতে হবে। ভর্তি ফরম পুরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। ০১ (এক) জন প্রার্থী কেবল একবারই আবেদন করতে পারবে। অনলাইন আবেদনে প্রার্থীকে যে কোনো একটি Application Type সিলেক্ট করতে হবে। আবেদন ফি জমাদানের পর Application Type পরিবর্তন করা যাবেনা। তবে আবেদনকারী প্রয়োজনে ০২ (দুই) বার তার মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। এ ক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনের জন্য অনলাইন আবেদনের হোম পেইজের Choice Reorder অপশন রয়েছে।

১৫.২ Website এ আবেদনপত্র পূরণের পূর্বে নিম্নেবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় টেলিটক প্রি-পেইড নম্বর থেকে ভর্তি পরীক্ষার ফি ১০০০/- (এক হাজার) টাকা অবশ্যই জমা দিতে হবে। ফি জমাদানের পর Application Type এর কোনো পরিবর্তন করা যাবে না।

- 300×300 pixel মাপের প্রার্থীর একটি রঙ্গিন ছবি (jpg) আপলোড দিতে হবে। স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা প্রার্থীর ছবির ফাইলের সাইজ 100 kb এর বেশী হবে না।
- 300×80 pixel মাপের স্ক্যান করা প্রার্থীর একটি স্বাক্ষর আপলোড দিতে হবে।

উল্লিখিত বিষয় (ছবি ও স্বাক্ষর) প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য **Home Page** এ একটি **Link** দেয়া আছে।

১৫.৩ এরপর ১৫.২- এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website-এ ঢুকবেন) অথবা Pendrive-এ পূর্ব থেকে সংরক্ষণ করতে হবে।

১৫.৪ ইংরেজিতে প্রার্থীর জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিতভাবে সংরক্ষণ করতে হবে।

১৫.৫ ভর্তিচ্ছু মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের নাম প্রার্থীর পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে। মেডিকেল কলেজের কোড গুলো ১১ থেকে ৪৭ (সারণি-১.১ দ্রষ্টব্য) এবং ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের কোড গুলো ৭১ থেকে ৭৯ (সারণী-১.২ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। **অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় প্রার্থীর সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক।**

১৬. অনলাইন আবেদন দাখিল পদ্ধতি: আবেদনকারী যে কোনো ইন্টারনেট ব্রাউজার থেকে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবপোর্টাল (**http://dgme.teletalk.com.bd**) এ লগ ইন করবেন। লগ ইন করার পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের Admission For MBBS & BDS (Govt. & Non-Govt.) Session 2025-2026 এর অনলাইন আবেদন ফরম (Online Application Form) দেখা যাবে। উক্ত পৃষ্ঠায় উপরের অংশে অনলাইন আবেদনের বিজ্ঞপ্তি, বিস্তারিত নির্দেশনা (Instructions & Information for MBBS & BDS Admission Test 2025-26) এবং নিচের অংশে অনলাইন আবেদন ফরম (Online Application Form) রয়েছে। অনলাইন ফরম পূরনের পূর্বে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি ও বিস্তারিত নির্দেশনা ক্লিক করে যথাযথভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরত আসতে হবে।

১৭. উক্ত পৃষ্ঠার নিচের অংশে (Online Application) অংশ রয়েছে। এখানে দুটি অপশন আছে। যারা এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করেছে তাদের জন্য একটি, অপরটি যারা O-Level/A-Level বা সমমান পরীক্ষায় পাশ করেছে তাদের জন্য। দ্বিতীয় ধরনের প্রার্থীদের পরিচালক, চিকিৎসা শিক্ষা (Director, Medical Education), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা থেকে আবেদনপত্র পূরণের পূর্বে Equivalence Certificate ID সংগ্রহ করতে হবে। উক্ত ID নম্বর ছাড়া ফরম পূরণ করা যাবে না। প্রার্থীদের এই পৃষ্ঠায় Online Application এ দুটি অপশন আছে। ১ম অংশে Online Application Form for National Curriculam (SSC/ Equivalent & HSC/Equivalent) Candidates. ২য় অংশে Online Application Form for GCE ('O'/ 'A'/Both/Equivalent) Candidates. যে কোনো একটি অপশন সিলেক্ট করতে হবে।

১৮. ২য় পৃষ্ঠার শুরুতে Application Type উল্লেখ রয়েছে। Application Type তিনটি নিম্নরুপ:

- Both MBBS & BDS: যারা সরকারি ও বেসরকারি পর্যায়ে এমবিবিএস ও বিডিএস উভয় কোর্সের জন্য আবেদন করবেন
- Only MBBS: যারা সরকারি ও বেসরকারি পর্যায়ে কেবল এমবিবিএস কোর্সের জন্য আবেদন করবেন
- Only BDS: যারা সরকারি ও বেসরকারি পর্যায়ে কেবল বিডিএস কোর্সের জন্য আবেদন করবেন

Application Type তিনটি অপশনের মধ্যে যেকোনো একটি অপশন ক্লিক করতে হবে। Application Type অনুসারে মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিটের পছন্দক্রম নির্ধারণ করা যাবে। Both MBBS & BDS অপশন ক্লিক করলে প্রার্থীগণ সরকারি ও বেসরকারি পর্যায়ে এমবিবিএস ও বিডিএস উভয় কোর্সের জন্য বিবেচিত হবেন। Only MBBS অপশন ক্লিক করলে প্রার্থীগণ সরকারি ও বেসরকারি পর্যায়ে কেবল এমবিবিএস কোর্সের জন্য বিবেচিত হবেন। Only BDS অপশন ক্লিক করলে প্রার্থীগণ সরকারি ও বেসরকারি পর্যায়ে কেবল বিডিএস কোর্সের জন্য বিবেচিত হবেন। এখানে উল্লেখ্য যে, আবেদন ফি জমা প্রদানের পর অর্থাৎ চূড়ান্তভাবে অনলাইন আবেদন দাখিলের পর Application Type এর অপশন পরিবর্তন করা যাবে না। তবে আবেদন ফি জমা প্রদানের পর সর্বোচ্চ ০২ (দুই) বার কলেজসমূহের পছন্দক্রম পরিবর্তন করা যাবে।

১৮.১ এরপর আবেদনকারীকে SSC & HSC Data Verification অংশে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষার Roll Number, Registration Number লিখতে হবে এবং Board, Year ড্রপ ডাউন বক্স থেকে সিলেক্ট করতে হবে। GCE (O/A/Both/Equivalent) প্রার্থীগণ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত আইডি এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রদানকৃত মোবাইল নম্বর টইপ করে Submit অপশন ক্লিক করবেন। পশ্চাৎপদ জনগোষ্ঠীর ক্ষেত্রে অর্থাৎ রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এবং পার্বত্য জেলা ব্যতিত অন্যান্য জেলারসমূহের উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে Tribal of Hilltracts/Non-Tribal of Hilltracts/Tribal out of Hilltracts অপশনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতীয় সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতীয় কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবে না।

| উপজাতীয়/পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের জন্য কোড (সারণি-২) | |
|---|---|
| **Code** | **Quota Name** |
| 71 | Rangamati Tribal |
| 72 | Rangamati Non-Tribal |
| 73 | Khagrachari Tribal |
| 74 | Khagrachari Non-Tribal |
| 75 | Bandarban Tribal |
| 76 | Bandarban Non-Tribal |
| 77 | Tribal other than Hill-Tracts |

১৮.২ SSC & HSC/Equivalent প্রার্থীদের ক্ষেত্রে SSC & HSC Data Verification অংশের নিচের দিকে Next অপশন ক্লিক করার পর স্বয়ংক্রীয়ভাবে আবেদনকারীর Name, Father`s Name, Mother`s Name, Date of Birth, Gender, Nationality তথ্যসমূহ উল্লেখ করা থাকবে। GCE (O/A/Both/Equivalent) প্রার্থীদের ক্ষেত্রে GCE Code Verification অংশে ক্লিক করতে হবে। পশ্চাৎপদ জনগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে Tribal of Hilltracts /Non-Tribal of Hilltracts/Tribal out of Hilltracts এ ক্লিক করতে হবে। Tribal of Hilltracts /Non-Tribal of Hilltracts/Tribal out of Hilltracts ক্লিক করে থাকলে ড্রপডাউন বক্স থেকে Tribal Quata এবং Tribal Type এর লিস্ট থেকে নির্ধারিত অপশন নির্বাচন করতে হবে। Tribal Quota লিস্ট সারণি-২ এ বর্ণিত আছে। অনলাইন আবেদনে পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ ও জেলা প্রশাসক প্রদত্ত সনদের নম্বর এবং পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চিফ বা জেলাপ্রশাসক প্রদত্ত সনদপত্রের নম্বর এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্রের নম্বর উল্লেখ করতে হবে। GCE প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থীর নাম ও জাতীয়তা স্বয়ংক্রিয়ভাবে উল্লেখ থাকবে। এখানে ইংরেজিতে প্রার্থীর পিতা ও মাতার নাম, জন্মতারিখ লিখতে হবে এবং জেন্ডার সিলেক্ট করতে হবে।

১৮.৩ আবেদনকারি কোনো প্রার্থী সংরক্ষিত আসন অর্থাৎ উপজাতীয় কোটা ভুল করে পুরণ করলে সাথে সাথে নতুনভাবে (টাকা জমা দেওয়ার পূর্বে) ফরম পুরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ কোটায় বরাদ্দের কোনো সুযোগ থাকবে না। ভর্তি পরীক্ষার ফি প্রদান করার পর এই ভুল সংশোধন করা যাবে না।

১৮.৪ Question Language অংশে আবেদনকারী বাংলা অথবা ইংরেজী যে মাধ্যমের প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা ড্রপ ডাউন বক্স থেকে সিলেক্ট করবেন। পরীক্ষার সময় ইংরেজি প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language অংশে English অপশন পূরণ করতে হবে।

১৮.৫ প্রার্থীর নিজ জেলার নাম (Home District) ড্রপডাউন বক্স থেকে পূরণ করতে হবে।

১৮.৬ কোনো আবেদনকারী পূর্ববর্তী বছরে (২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তি হয়ে থাকলে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের নিকট থেকে আবশ্যিকভাবে পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং অনলাইন ফরম পূরণ করার সময় সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের ভর্তির তথ্য অবশ্যই "Currently Study at'' অপশনে ক্লিক করে ড্রপডাউন বক্স থেকে অধ্যয়নরত কলেজ/ইউনিটের নাম সিলেক্ট করতে হবে। যদি কেউ ভর্তি সংক্রান্ত তথ্য গোপন করে " Not Applicable'' অপশনে ক্লিক করেন এবং তা পরবর্তীতে প্রমাণিত হয় সে ক্ষেত্রে ভর্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ড্রপডাউন বক্সে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে ভর্তি না থাকলে আবেদনকারী প্রার্থী Not Applicable অপশন সিলেক্ট করবেন।

১৮.৭ এরপর প্রার্থীর পিতা ও মাতার বাৎসরিক আয় সংক্রান্ত তথ্য ড্রপডাউন বক্স থেকে আলাদা আলাদাভাবে সিলেক্ট করতে হবে।

১৮.৮ এরপর Present Address এবং Permanent Address পূরণ করতে হবে। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

১৮.৯ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। প্রয়োজনে যোগাযোগের জন্য দ্বিতীয় ঘরে আরেকটি মোবাইল নম্বর দিতে হবে।

১৮.১০ এরপর Educational Qualification অংশে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে লিপিবদ্ধ থাকবে। GCE-'O' Level/Equivalent Examination এবং GCE-'A' Level/Equivalent Examination অংশে 'O' Level এবং 'A' Level উত্তীর্ণ প্রার্থীগণ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রদত্ত নম্বর সমতাকরণ সনদ অনুসরে নির্ধারিত টেমপ্লেটে তথ্য পূরণ করবেন।

১৮.১১ এরপর Choice Option পূরণ করতে হবে। অনলাইনে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন দাখিলের সময় আবেদনকারীকে সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের পছন্দক্রম উল্লেখ করতে হবে। বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম।

১৮.১২ এবার পূর্ব থেকে তৈরি করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

১৮.১৩ Validation Code যেভাবে দেওয়া আছে সেভাবে টাইপ করতে হবে।

১৮.১৪ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে Submit বাটনে ক্লিক করতে হবে।

১৮.১৫ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে রয়েছে।

১৮.১৬ এই পৃষ্ঠায় একটি USER ID. নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক প্রি-পেইড নম্বর থেকে অনলাইন আবেদনের ফি জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে। কেননা এই ছবি ও স্বাক্ষরেই প্রার্থী সর্বত্র পরিচিত হবেন।

১৮.১৭ এ পৃষ্ঠায় যদি কোনো ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। **একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই।**

১৮.১৮ টেলিটক প্রি-পেইড নম্বরের মাধ্যমে ফি জমা দেয়ার পর USER ID. এবং PASSWORD পাওয়া যাবে, যা উভয় মোবাইল নম্বরে আসবে। আবেদনপত্র পূরণের সময় স্টার চিহ্নিত মোবাইল নম্বরটি যে কোনো অপারেটরের মোবাইল হতে পারে। USER ID. ও PASSWORD দিয়ে ০৭/১২/২০২৫ খ্রি. রবিবার থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। এক্ষেত্রে টেলিটক বাংলাদেশ লি: থেকে এ বিষয়ে এসএমএস প্রাপ্তির পর প্রবেশপত্র ডাউনলোড করা বাঞ্ছনীয়। প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জলছাপ সন্নিবেশ থাকবে। এজন্য প্রবেশপত্রের রঙ্গিন প্রিন্ট গ্রহন করতে হবে।

১৮.১৯ কারিগরি সহায়তার জন্য যে কোনো টেলিটক নম্বর হতে ১২১ অথবা অন্য যে কোনো অপারেটর থেকে ০১৫০০১২১১২১ নম্বরে এ রাত দিন ২৪ ঘন্টা কল করা যাবে।

১৯. <u>ভর্তি পরীক্ষার ফি প্রদান ও ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচন:</u>

১৯.১ **২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার ফি ১০০০/- (এক হাজার) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।**

১৯.২ দেশব্যাপী অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষার কেন্দ্র সংখ্যা ১৭ (সতেরো) টি। যে কোনো কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় পরীক্ষার্থীর অংশগ্রহণ তাদের সমান সুযোগ নিশ্চিত করে। ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে নিচের সারণি-৩ এ বর্ণিত কেন্দ্র কোড (**Center Code**) প্রয়োজন হবে।

পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড (সারণি-৩)

| SL. No | Center Code | Examination Centre |
|---|---|---|
| 1 | 11 | Dhaka Medical College, Dhaka |
| 2 | 12 | Chattogram Medical College, Chattogram. |
| 3 | 13 | Rajshahi Medical College, Rajshahi |
| 4 | 14 | Mymensingh Medical College, Mymensingh |
| 5 | 15 | M.A.G. Osmani Medical College, Sylhet |

| | | |
|---|---|---|
| 6 | 16 | Sher-E-Bangla Medical College, Barishal |
| 7 | 17 | Rangpur Medical College, Rangpur |
| 8 | 18 | Sir Salimullah Medical College, Dhaka |
| 9 | 19 | Cumilla Medical College, Cumilla |
| 10 | 20 | Dinajpur Medical College, Dinajpur |
| 11 | 21 | Faridpur Medical College, Faridpur. |
| 12 | 22 | Khulna Medical College, Khulna |
| 13 | 23 | Shaheed Ziaur Rahman Medical College, Bogura |
| 14 | 24 | Shaheed Suhrawardy Medical College, Dhaka |
| 15 | 27 | Pabna Medical College, Pabna |
| 16 | 40 | Mugda Medical College, Dhaka |
| 17 | 71 | Dhaka Dental College, Dhaka |

১৯.৩ ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার নির্ধারিত ফি টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে প্রেরণ করতে হবে। ফি প্রদান করার সময় Message অপশনে গিয়ে পরীক্ষার কেন্দ্র নির্বাচন করতে হবে। কেন্দ্র নির্বাচনে উপরের সারণি-৩ প্রয়োজন হবে।

১৯.৪ **ভর্তি পরীক্ষার ফি জমা দেয়ার পদ্ধতি:** টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSBDS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরন: MBBSBDS<Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID এরপর, ফিরতি SMS এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১০০০/-(এক হাজার টাকা) কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে।

সম্মতি দেয়ার জন্য নিম্নোক্ত ভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে MBBSBDS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি Centre Code (৩ নং সারণি দ্রষ্টব্য( ,) দিয়ে লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে (উদাহরণ: নিচে দেওয়া হলো)।

উদাহরণ: MBBSBDS<Space>YES<Space>456789<Space>11,12,13,14 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং 11,12,13,14 নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিকভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার টাকা মাত্র) কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।

২০. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড: ০৭/১২/২০২৫ খ্রি. রবিবার থেকে প্রার্থী উক্ত USER ID ও PASSWORD দিয়ে তার প্রবেশ পত্র Download করে প্রিন্ট করে নিতে পারবেন। প্রবেশপত্র ডাউনলোড করার বিষয়ে প্রত্যেক প্রার্থীকে টেলিটক থেকে এসএমএস প্রদান করা হবে। প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জল ছাপ সন্নিবেশ থাকবে। প্রবেশপত্র হারিয়ে গেলে পুনরায় একই প্রক্রিয়ায় নির্ধারিত সময়সীমার মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

২১. <u>দাখিলকৃত অনলাইন আবেদনে কলেজ পছন্দক্রম পরিবর্তন:</u> আবেদনকারী প্রার্থী কর্তৃক আবেদন ফি জমা দানের পর Application Type পরিবর্তন করা যাবেনা। তবে আবেদনকারী প্রয়োজনে ০২ (দুই) বার তার মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। কলেজ পছন্দক্রম পরিবর্তনের জন্য অনলাইন আবেদনের হোম পেইজে Choice Reorder অপশন রয়েছে। এখানে ক্লিক করে প্রার্থীর তার ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) দিয়ে লগ ইন করবেন। লগ ইন করার পর প্রার্থীর পূর্বের অনলাইনে দাখিলকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের পছন্দক্রমের তথ্যসমূহ দেখতে পাবে। এরপর প্রার্থী পূর্বের ন্যায় বাম পাশের কলেজের লিস্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে সকল কলেজগুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। উল্লিখিত ওয়েব পেইজের নিচের অংশে

I like to update the College Choice অপশন ক্লিক করলে নতুন পছন্দক্রম অনলাইন আবেদনে সংযোজিত হবে। এখানে উল্লেখ্য যে, প্রার্থীর ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) গোপনীয় ও ব্যক্তিগত বিষয় যা অন্য কারোর কাছে প্রকাশ করা সমীচিন নয়। অন্য কারোর কাছে প্রকাশ করার কারনে কলেজ পছন্দক্রম বা আবেদনের তথ্য পরিবর্তিত হলে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর দায় দায়িত্ব বহন করবে না।

২২. <u>পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা:</u> পরীক্ষার্থীকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। পরীক্ষার্থীকে বল পয়েন্ট কলম ও Download করা রঙ্গিন প্রবেশ পত্র এবং এইচএসসি/সমমান পরীক্ষার Registration কার্ড নিয়ে পরীক্ষার হলে আসতে হবে। পরীক্ষার হলে মোবাইল ফোন, কোন ধরনের ডিজিটাল ডিভাইস, ক্যালকুলেটর, হাতঘড়ি বা পকেটঘড়ি নিয়ে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। প্রার্থীকে অসুদপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে অথবা অন্যের সাহায্য নিতে অথবা অন্যকে সাহায্য করতে দেখা গেলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

২৩. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:

২৩.১ আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ণ, ফলাফল চূড়ান্তকরণ এবং পুনঃনিরীক্ষণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। উত্তরপত্র "ওএমআর/আইসিআর" (OMR/ICR) মেশিনে পরীক্ষা করা হবে।

২৩.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ভর্তির জন্য সাধারণ আসন ও সংরক্ষিত আসনসমূহে প্রার্থীর জাতীয় মেধা ও পছন্দক্রম অনুসারে আসন বন্টন করা হবে। সংরক্ষিত আসনসমূহে ও নিজ নিজ শ্রেণির দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোনো কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্ধারণ করা হবে।

২৩.৩ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে www.dgme.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে www.dghs.gov.bd হতে পরীক্ষার ফল জানা যাবে।

২৪. **নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় প্রদেয় প্রমানকসমূহ:** আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে। যেমন:

- এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/প্রশংসাপত্র।
- স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ।
- জন্ম নিবন্ধন সনদের কপি।
- প্রার্থীর ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
- পার্বত্য জেলার উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসকের সনদ , অ-উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলাপ্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও জেলা প্রশাসকের সনদ দাখিল করতে হবে।

২৫. ভর্তির পর সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষার পর সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই করবেন। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কেবল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

২৬. সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শূণ্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মাইগ্রেশন আবেদন, মেধাস্থান ও মাইগ্রেশন আবেদনে উল্লিখিত কলেজ পছন্দ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে পরপর সর্বোচ্চ তিনবার মাইগ্রেশন/কলেজ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে। সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টালইউনিটে তৃতীয় দফা মাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শূণ্য আসনে অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি বা শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের জন্য মাইগ্রেশন করা যাবে না।

২৭. এমবিবিএস ও বিডিএস কোর্স বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা বিএমএন্ডডিসি'র পূর্ণ রেজিষ্ট্রেশন প্রাপ্তির জন্য বাধ্যতামূলক। **কোনোক্রমেই অন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ইন্টার্নশীপ মাইগ্রেশন করা যাবে না।**

২৮. সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশের ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। তবে ভর্তি পরীক্ষায় ৪০ নম্বরের নিচে প্রাপ্ত পরীক্ষার্থীগণ কোনোভাবেই ভর্তির আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

২৯. নিবাচিত শিক্ষার্থীদের ভর্তির পর দেশের প্রচলিত আইন, বিএমএন্ডডিসি'র নীতিমালা ও সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট সিদ্ধান্তসমূহ মেনে চলতে হবে। শৃঙ্খলা পরিপন্থী অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট কলেজ/ইউনিট এর একাডেমিক কাউন্সিল/একাডেমিক কমিটির সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

৩০. শিক্ষা মন্ত্রণালয় প্রণীত "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" সকল মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট- এর শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য থাকবে।

৩১. পরীক্ষায় অবতীর্ণ/উত্তীর্ণ/নির্বাচিত কোনো প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি যে কোনো সময় বাতিল বলে গন্য হবে। মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তির পূর্বে বা পরে শিক্ষার্থীর ভর্তির প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

৩২. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।


অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ও বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১২৫৩ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.

০১. মাননীয় উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপদেষ্টা , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা।
১২. উপাচার্য, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএমইউ), শাহবাগ, ঢাকা।
১৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৪. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৫. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৬. উপাচার্য, খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৭. উপাচার্য, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৮. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
১৯. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
২০. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
২১. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৪. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি (২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ)
২৫. আহবায়ক, ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার ওভার সাইট কমিটি
২৬. সভাপতি, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬
২৭. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রিডিটেশন কাউন্সিল, ঢাকা
২৯. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. অতিরিক্ত মহাপরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩১. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩২. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩৩. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩৪. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ): ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা; চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম; রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী; ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট; শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল; রংপুর মেডিকেল কলেজ, রংপুর, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা; কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা; দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর; ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর; খুলনা মেডিকেল কলেজ, খুলনা; শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া; শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা; কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার, নোয়াখালী মেডিকেল কলেজ, নোয়াখালী; পাবনা মেডিকেল কলেজ, পাবনা; যশোর মেডিকেল কলেজ, যশোর, গোপালগঞ্জ মেডিকেল কলেজ, গোপালগঞ্জ, কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা; শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ; শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর; জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর, মানিকগঞ্জ মেডিকেল কলেজ, মানিকগঞ্জ; পটুয়াখালী; রাজশাহী মেডিকেল কলেজ, পটুয়াখালী, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি; শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ; টাংগাইল মেডিকেল কলেজ, টাংগাইল; মুগদা মেডিকেল কলেজ, ঢাকা; হবিগঞ্জ মেডিকেল কলেজ, হবিগঞ্জ:, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর; মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা; নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ; নেত্রকোনা মেডিকেল কলেজ, নেত্রকোনা; নীলফামারী মেডিকেল কলেজ, নীলফামারী; সুনামগঞ্জ মেডিকেল কলেজ, সুনামগঞ্জ; ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা, রাজশাহী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রাজশাহী; চট্টগ্রাম মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; ময়মনসিংহ মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, ঢাকা, শের-ই-বাংলা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, বরিশাল, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, ঢাকা।
৩৫. যুগ্ম-সচিব (চি:শি: অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. জেলা প্রশাসক ............................................................................(সকল)
৩৯. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৪০. অধ্যক্ষ,......................................................................................বেসরকারী মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ (সকল)
৪১. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৪২. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৪৩. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন
৪৪. অফিস কপি।

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ও বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
**Email: medicaledu313@gmail.com**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১২৫৪ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইন ফরম পুরনের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা

(সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিটে শিক্ষার্থী ভর্তির জন্য প্রযোজ্য)

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৯.০০.০০০০.১৪০.৩২.০২০.২৪. ৭৬১ তারিখ ১০/১১/২০২৫ খ্রি.

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী নির্ধারিত ছকে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন আহবান করা হচ্ছে:

০১. প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. (ক) ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে ২০২৪ সাল অথবা ২০২৫ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২০২২ সালের পূর্বে এসএসসি/ 'ও' লেভেল/সমমান পরীক্ষায় উর্ত্তীণ শিক্ষার্থীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।
(খ) প্রার্থীকে এসএসসি /'ও' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়ন থাকতে হবে।

০৩. এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি /'এ' লেভেল/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.৫০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৪.০০ পয়েন্ট এর কম থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৪. পশ্চাৎপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/ 'ও' লেভেল /সমমান এবং এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষা দুটিতে মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৫. সকলের জন্যে এইচএসসি/ 'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫০ থাকতে হবে।

০৬. দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় ১০০ টি প্রশ্নের (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) প্রতিটি ০১ (এক) নম্বর করে মোট ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন যথাক্রমে, জীববিজ্ঞান-৩০, রসায়ন-২৫, পদার্থবিজ্ঞান-১৫, ইংরেজি-১৫ এবং সাধারণ জ্ঞান, প্রবণতা ও মানবিক গুণাবলী মূল্যায়ন-১৫। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তণ করা হবে। পরীক্ষার সময়কাল ১ (এক) ঘন্টা ১৫ (পনের) মিনিট এবং পাশ নম্বর ৪০। জাতীয় ভর্তি পরীক্ষায় উর্ত্তীণ না হলে কোন শিক্ষার্থী দেশে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য বিবেচিত হবেন না।

০৭. এসএসসি/'ও' লেভেল/সমমান ও এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ (একশত) নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ণ করা হবে:
(ক) এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুন=৪০ নম্বর (সর্বোচ্চ)
(খ) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুন= ৬০ নম্বর (সর্বোচ্চ)

০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/'ও' লেভেল/সমমান এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষার জিপিএ ভিত্তিক প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধাক্রম প্রণয়ন করা হবে।

০৯. পূর্ববর্তী বছরের (২০২৪ সালে) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ০৩ (তিন) নম্বর এবং পূর্ববর্তী বছরের (২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

১০. ভর্তির ফরম পুরনে যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। MBBS ও BDS ভর্তির জন্য অনলাইন ফরম পূরণের নিয়মাবলি, ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট www.mefwd.gov.bd, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে।

১১. ভর্তি পরীক্ষা কার্যক্রম:

- অনলাইনে আবেদন শুরুর তারিখ : ১১/১১/২০২৫ খ্রি. মঙ্গলবার সকাল ১০.০০ টা
- অনলাইনে আবেদনের শেষ তারিখ : ২১/১১/২০২৫ খ্রি. শুক্রবার রাত ১১.৫৯ মিনিট
- অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ২২/১১/২০২৫ খ্রি. শনিবার রাত ১১.৫৯ মিনিট
- প্রবেশ পত্র ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করার তারিখ : ০৭/১২/২০২৫ খ্রি. রবিবার হতে ০৯/১২/২০২৫ খি. মঙ্গলবার পর্যন্ত
- সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র প্রধান কর্তৃক হাজিরা সিট ডাউনলোড করার তারিখ : ০৯/১২/২০২৫ খ্রি. মঙ্গলবার থেকে ১০/১২/২০২৫ খ্রি. বুধবার পর্যন্ত
- ভর্তি পরীক্ষার তারিখ : ১২/১২/২০২৫ খ্রি. শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১১.১৫ মিনিট

১২. আবেদন ফরম অনলাইনে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১৩. ভর্তি পরীক্ষার ফি ১০০০/- (এক হাজার) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১৪. বাংলাদেশি নাগরিক যারা 'ও' লেভেল/সমমান এবং 'এ' লেভেল/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের মার্কশীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ পূর্বক ID নম্বর নিতে হবে। উক্ত সার্টিফিকেট সংগ্রহ করার সময় 'ও' লেভেল/সমমান এবং 'এ' লেভেল/সমমান পরীক্ষার মূল সনদ, নম্বরপত্র এবং সনদপত্রসমূহের প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত কপি সাথে আনতে হবে। আবেদনপত্র জমা প্রদানের স্থান স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার কক্ষ নং ২০৪ (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলা, মহাখালী, ঢাকা)। আবেদন জমা প্রদানের শেষ তারিখ ১৮/১১/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত।

১৫. বাংলাদেশি নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশের জন্য নির্ধারিত দূতাবাস/হাইকমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক আবশ্যিকভাবে সত্যায়িত হতে হবে। বাংলাদেশের কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নকারী বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীগণ কোনোভাবেই বিদেশী শিক্ষার্থী হিসাবে ভর্তির জন্য বিবেচিত হবেন না। তবে যাদের দ্বৈত নাগরিকত্ব রয়েছে তারা বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করে জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৬. বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' এর অনুচ্ছেদ নং ৮.১.১ অনুযায়ী পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য মোট আসনের শতকরা ০১ (এক) ভাগ সংরক্ষিত থাকবে; রাঙ্গামাটি মেডিকেল কলেজে শতকরা ২৫ (পঁচিশ) ভাগ আসন এই সংখ্যার অন্তর্ভুক্ত।

১৭. পরীক্ষায় অবতীর্ণ/উত্তীর্ণ/নির্বাচিত কোনো প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি যে কোনো সময় বাতিল বলে গণ্য হবে।

১৮. নিবাচিত শিক্ষার্থীদের ভর্তির পর দেশের প্রচলিত আইন, বিএমএন্ডডিসি'র নীতিমালা ও সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটের সিদ্ধান্তসমূহ মেনে চলতে হবে।

১৯. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ও বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১২৫৪ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.

০১. মাননীয় উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপদেষ্টা , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা।
১২. উপাচার্য, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএমইউ), শাহবাগ, ঢাকা।
১৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৪. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৫. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৬. উপাচার্য, খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৭. উপাচার্য, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৮. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
১৯. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
২০. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
২১. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৪. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি (২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ)
২৫. আহবায়ক, ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার ওভার সাইট কমিটি
২৬. সভাপতি, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬
২৭. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রিডিটেশন কাউন্সিল, ঢাকা
২৯. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. অতিরিক্ত মহাপরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩১. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩২. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩৩. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩৪. অধ্যক্ষ (সকল সরকারী মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ): ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা; চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম; রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী; ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট; শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল; রংপুর মেডিকেল কলেজ, রংপুর, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা; কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা; দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর; ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর; খুলনা মেডিকেল কলেজ, খুলনা; শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া; শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা; কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার, নোয়াখালী মেডিকেল কলেজ, নোয়াখালী; পাবনা মেডিকেল কলেজ, পাবনা; যশোর মেডিকেল কলেজ, যশোর, গোপালগঞ্জ মেডিকেল কলেজ, গোপালগঞ্জ, কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা; শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ; শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর; জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর, মানিকগঞ্জ মেডিকেল কলেজ, মানিকগঞ্জ; পটুয়াখালী; রাজশাহী মেডিকেল কলেজ, পটুয়াখালী, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি; শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ; টাংগাইল মেডিকেল কলেজ, টাংগাইল; মুগদা মেডিকেল কলেজ, ঢাকা; হবিগঞ্জ মেডিকেল কলেজ, হবিগঞ্জ;, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর; মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা; নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ; নেত্রকোনা মেডিকেল কলেজ, নেত্রকোনা; নীলফামারী মেডিকেল কলেজ, নীলফামারী; সুনামগঞ্জ মেডিকেল কলেজ, সুনামগঞ্জ; ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা, রাজশাহী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রাজশাহী; চট্টগ্রাম মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; ময়মনসিংহ মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট; শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, ঢাকা, শের-ই-বাংলা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, বরিশাল, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, ঢাকা।
৩৫. যুগ্ম-সচিব (চিঃশিঃ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. জেলা প্রশাসক ........................................................................(সকল)
৩৯. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)

৪০. অধ্যক্ষ,..............................................................................বেসরকারী মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহ (সকল)
৪১. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৪২. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৪৩. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন
৪৪. অফিস কপি।

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ও বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com